I started at about 5-30 A. M., and after a walk of some five miles along the bandy-road, struck into the jungle with two Curumbers, just as Sol rose from the arms of Aurora. After walking some two hours we found a fresh trail, and followed it up some two miles, through thick bamboo when suddenly the leading Curumbers stopped and quickly motioned to me to hide behind a clump of bamboos, and then told me he heard the bison feeding towards us. I had not long to wait before I saw the head and shoulders of a fine fellow, about 40 yards, in front, and this was followed by two or three more. It was useless to fire at once, as the first animal was nearly facing me ; but at the same time, as the wind was blowing towards me, I knew, I must fire almost immediately. After a bite at the grass he turned slightly, so that I could cover a small portion of his neck. Taking a careful aim I pulled the trigger, and at once rose to my feet and stepped out of the smoke. Hardly had I done so when the herd, of about 12 bison, rushed off at a mad gallop from about 80 yards below me, and seeing them through a small break in the bamboos, I fired a hasty shot at one with a solidfronted shell from my double 10-bore rifle. As soon as we could see, we began to look cautiously about, and there, about 50 yards off, stood a bison presenting his side to me, full on. I did not like to risk a long shot, so I quietly walked to within 25 yards, and drawing a careful bead on his neck again fired ; but no notice was taken of it, except that the ears continued to move backwards and forwards ! A second shot, however, was more successful ; and as the report died away, I saw the brute sink down. I immediately went up to him and looked with some pride at the noble denizen of the forest as he lay some three yards in front in the last agonies of death. I fired another shot to put him out of his misery, and then, after waiting half an hour, told the Curumbers to come and see if I had not hit another. We followed up the trail of the herd for about 30 yards and then found pools of blood. The herd had evidently separated from the wounded animal, tand by this I knew he must be badly hit, and fully expected to come up with him within 200 yards. Where he was alarmed at the three shots I had fired at the first bison, or that the shell had burst in his aside, I know not, but we did not see him till we had tracked him more than a mile, although in no less than six places he had lain down. The loss of blood during the whole distance was fearful. We lost him after all ; he rested up, about two yards from us, and galloped off, showing that there was plenty of life left. The ground for the last mile had been very trying ; ten-feet grass, and I had some misgivings about being able to see him till I was upon him. It being now one o'clock I stopped for half an hour for tiffin, and then followed up the trail more carefully, going myself in front. Hardly had we moved 200 yards before there was slight rustle, and in half a second a bison appeared with his head down galloping at me only about five yards off. In less time than it takes to write about it, my rifle was up, and I fired and jumped aside ; but the brute was on me. Owing, however, to the solid bullet he had received in his chest he slightly swerved, and catching the end of my rifle against his shoulder carried it some thirty yards along with him. As the gun was resting in the hollow of my shoulder, I was gently lifted about 10 yards and deposited on the ground. In a second my position flashed upon me—no rifle and a wounded bison close to me however ; I jumped up smartly, and it was a great relief to find the bison galloping off, and not drawn up looking for me, as I expected. My Curumbers now came up with spare gun, and we set about looking for the rifle—no easy matter to find it in the thick long grass. After a search of about 10 minuites we found it—the muzzles choked full of earth. My confidence for the day being gone, I thought it best to leave the game, knowing it would be found dead next day, and not liking to risk another charge in such fearful grass. The next day I sent the Curumbers, with a gun, and they found the bison had run some distance, but he was not dead, for he sprung to his feet as they came up, and staggered forward, only to receive two bullets from the smooth-bore, when he rolled over dead. Thus I was successful in bagging two bison, and was very well satisfied with my day's work."

The special correspondent of the *Echo* writes from Madras :—

At Tuticorin the *Serapis* took everyone by surprise. She was expected at about 5 A. M., on Saturday, whereas she arrived at 5 P. M. on Friday. But the Prince did not land until morning ; and, indeed, the wind came on to blow so hard that it was quite an open question for some hours whether both the *Serapis* and the *Osborne* would not have to proceed to Beypore. The water in the roadstead at Tuticorin is so shallow, and the reefs in it are so numerous, that no vessel of more than 300 tons can anchor nearer than four miles from the town. Thus, even the fast little steam launch of the *Osborne* took the best part of an hour to get up to the jetty. But some time before she reached the shore, the country lighters, which had been sent to bring the luggage and the servants on shore, reached their destination. The enormous amount of the former, and the utter helplessness of the latter, amused us all very much. One of them—a servant, I believe, of the Prince—wanted to know whether there was not "a fellow called Robinson," who would give orders as to what ought to be done ; the "fellow called Robinson" being no less a personage than Mr. Robinson, of the Madras Civil Service, Senior Member of Council, and Acting-Governor of Madras between the death of Lord Hobart and the advent of the Duke of Buckingham, who had been sent down specially by his Grace the Governor to welcome the Prince of Wales on his landing in the Madras Presidency. It is much to be wondered at that not only the Prince, but all his suite and his friends on board the *Serapis*, were not strongly advised to leave their European valets at home, and to procure for the trip a good staff of native servants. Even a good German or Swiss courier would have got the baggage out of the lighters in less time at Tuticorin ; but these men—the servants of his Royal Highness and his suite and visitors seemed helpless. At last "the fellow called Robinson" sent a couple of peons down to the landing-place, and, an English merchant of Tuticorin good-naturedly volunteering to superintend the work, the three hundred and odd packages were brought ashore in less time than the London valets had taken to look at the difficulty before them. But when they spoke to any gentleman about the station it was observed that the monosyllable "Sir" was as an unknown quantity with them.—

A correspondent, who had just arrived at Gwalior, writes as follows :—

The Palace is now completed, and is very beautiful. The principal room to describe is, of course, the Durbar Room. It is a splendid large one. I do not know the exact dimensions, but think it is about 150 feet by 75 feet. There are three large chandeliers in it, the centre one being smaller than the other two. The carpet is lovely. There are in each corner of the room a handsome candelabra, 15 feet high, stands of crystal, with brakets for lights and drops. Huge mirrors down to the ground are all round the room. The walls and ceiling are white and gold, that is, all white, and fluted with gold work, which looks very light and lovely. The furniture is crimson, and gold chairs, sofas, &c. The small carpet in front of the sofa, on which, I suppose, his Royal Highness will sit, is green velvet, almost covered with gold embroidery. There are a few pictures round the room, copies of some good masters. The picture at the head of the room is, strange to say, the Madonna and child. The staircase leading up to the room is, I think, the handsomest thing of all. The banisters are all of twisted crystal, light and elegant to a degree. A sombre but handsome carpet covers the steps. Looking downwards, the hall beneath is of exquisitely polished white and black marble, diamond pattern, and a huge mirror faces you as you enter it from below.

The Prince's room is the next object of curiosity. He will probably be much amused and astonished at its costly extravagance. Mirrors and splendid carpets abound in every direction, and marble-topped tables and chandeliers without number. A pretty escritoire is placed in one corner of the Prince's drawing-room, and on the centre table are a few choice ornaments. One is a golden cage, in the centre of which is perched a sweetly pretty green and crimson bird—to sing by machinery when wound up. It has to be screwed up to the mark like the rest of us ! In the bed-chamber we find the bed all of gold, and very gorgeous. I measured it with my eye, and am sure it will be too short. The counterpanes are of crimson and gold and green satin. The curtains of green and gold outside, but white with silver spangles inside. There are beautiful brushes and handsome crookery on his toilet table. In the Prince's bath-room there is an exquisite cheval-glass. The basin, jug, &c., are all of solid silver, gilded inside ; while the water-bottle is covered with gold, and the neck of it studded with real diamonds. This goblet the Prince will be asked to take away with him, and the other guests, who have also handsome goblets, will be asked to do the same. The Prince's tub is a huge hip-bath, rudely fashioned, but of solid silver, of fabulous cost.

The other guests' rooms are, of course, much less fine ; yet the Duke of Sutherland's is worth a visit. The principal present, which the Maharajah is to give his guest, is a waist girdle for the Princess, covered with pearls—value estimated at four lakhs of rupees !—most exquisite it is. Another present, more peculiar than valuable, is a complete set of Mahratta costume.

The following proclamtion has been issued by the Governor of the Straits Settlements, offering rewards for the murders of the late Mr. Birch :

Whereas British Troops have been sent into the country of Perak, in order to punish the murderers of the late Mr. Birch, and those who were engaged in armed resistance to the force employed to secure the punishment of the murderers :

And whereas the troops so sent have surmounted all obstacles, and have destroyed Passir Sala, where the murder was committed, after defeating those who vainly attempted, to oppose them, and now, notwithstanding the opposition offered, hold the chief places on the Perak River and the town of Kinta, command the roads and rivers of the country, and are in military occupation of the whole State of Perak, but the said murderers and others engaged in armed resistance have not yet been captured and punished.

And whereas a notification was issued on the 22nd of November 1875, directing all persons who could furnish information as to the parties concerned in the said murder and outrages, to communicate such information to Government, and an ample reward was offered to those who might procure the arrest of any parties concerned in such outrages as aforesaid :

And whereas information has reached the Government that the undermentioned parties (amongst others) were engaged in the said murder and outrages, and it is expedient that the amounts to be paid for their apprehension should be definitely and respectively fixed :

Now we do hereby offer for the apprehension of the said persons the following sums, *viz* :

For Pandak Adam Maharajah L It ...	... $ 6,000
For Datu Sagor	... 3,000
For Pandak Indut	... 3,000

And we do hereby assure all the chiefs and people of Perak that the pursuit of the murderers and perpetrators of the outrages before referred to, will not be relaxed until justice is fully satisfied by the infliction of adequate punishment on all those concerned.

And we do herby earnestly exhort the people of Perak to return to their houses, to put an end to all dissensions to respect and obey the laws, and for the future to live at peace amongst themselves and with their neighbours, so that anarchy and discord may cease, and peace may prevail throughout the land."

ACKNOWLEDGMENTS.

SUBSCRIPTIONS.

	Rs.	As.	P.
Gungadhur Raghoonath Esqr., Illampalli ...	5	0	0
Dr. Govind Mohadeo Eqr., Illumpalli ...	5	0	0
Mr. Gonesh Ramchuudra Kirlosker M. A. Shanturam's chal Kandavadi Bombay	5	0	0
Vithaldas Naratomdas Nagarseth Esqr., Poona	5	0	0
Ramchundra Jrimbak Esqr., Raje-Kaladgi ...	5	0	0
Varadachari Esqr., Kurnool ...	5	0	0
Narayun Jugunnath Bhide Esqr., Poona ...	5	0	0
N. Krishna Rao Esqr., Madras ...	5	0	0
Bhuskar B. Limaye Esqr., Nasick ...	5	0	0
Govind Dhoneo Gudgil Esqr., Bombay ...	5	0	0
Hon. Secy. City Library Ahmednaggar ...	5	0	0
Gonesh Ramchandra Kirloskur Esqr., Kanevadi	5	0	0

☞ *Printed and published by C. N. Roy No. 2, Ananda Chatteree's Lane, Bagbazar, Calcutta.*

একটী বিষয় সপ্রমাণ হইতেছে। যদিও পাটের ব্যবসায় এ দেশে বিস্তর উলট পালট হইয়াছে তত্রাচ ক্রমে ইহার শ্রীবৃদ্ধি হইতেছে। তবে থলিয়া যেরূপ এ দেশ হইতে অধিক পরিমাণে রপ্তানি হইতেছে, পাটের রপ্তানি ক্রমে তত হ্রাস হইতেছে। ১৮৭৩ খৃঃ অব্দে এ দেশ হইতে ২৩৭৯৮২ টন পাট এবং গত বৎসরে ২১১০৮০ টন রপ্তানি হয় অর্থাৎ এই দুই বৎসরে ৩৩১৪০ টন কম রপ্তানি হইয়াছে। ২৮ মনে এক টন হয়। এ দেশে পাটের অভাবে রপ্তানি কমে নাই, পূর্ব্বে যে সকল পাটজ দ্রব্য অন্যত্র প্রস্তুত হইত, এখন উহা বাহুল্য পরিমাণে বাঙ্গলায় প্রস্তুত হইতেছে। অপর স্থানীয় ব্যবসাদারেরা এ দেশীয়দিগের সঙ্গে পারিয়া না উঠায় অনেকে ব্যবসা বন্ধ করিয়াছে। এই নিমত্ত অপর দেশে এখন আর পূর্ব্বের ন্যায় পাটের রপ্তানি হইতেছে না, সুতরাং রপ্তানি হ্রাস হওয়ায় আমাদের ক্ষতি হয় নাই, মঙ্গলের সূচনা হইয়াছে।

———

এ দেশে গত বৎসর কত লোককে সর্পে দংশন করিয়াছে তাহার একটি বিবরণ আমরা গবর্ণমেন্ট হইতে প্রাপ্ত হইয়াছি। ইহাতে প্রকাশিত হইয়াছে যে, গত বৎসর বাঙ্গলায় ৪২০২ জন পুরুষ ও স্ত্রীকে সর্পে দংশন করে। পুরুষ অপেক্ষা স্ত্রী লোককে সর্পে অধিক আঘাত করে। গত বৎসরের তালিকায় দেখা গেল যে, পুরুষের শত করা ৪৮ জনের অধিক, স্ত্রীলোকের শত করা ৫১ জনের অধিক সর্পাঘাতে মৃত্যু হইয়াছে। আষ্ট্রেলিয়া ও আমেরিকায় স্ত্রী অপেক্ষা পুরুষ সর্পাঘাতে অধিক মরে। আবার প্রৌঢ়াবস্থায় সর্পাঘাতে অধিক মৃত্যু হয়। কৃষকেরা সর্ব্বাপেক্ষা অধিক সর্প কর্ত্তৃক হত হয়। মৃত সংখ্যার মধ্যে হিন্দু অধিক, তবে যশোর, রঙ্গপুর, ঢাকা, ফরিদপুর, গোয়ালপাড়া, চট্টগ্রাম, রাজসাহী এবং নওয়াখালিতে মুসলমানের অধিক মৃত্যু হইয়াছে। সর্ব্বাপেক্ষা রাত্রি যোগে সর্পে অধিক দংশন করে। হয় মল মূত্র পরিত্যাগের সময়, নয় নিদ্রিত অবস্থায় রাত্রে প্রায় সর্পে দংশন করে। নিদ্রিত অবস্থায় সর্প শরীরের উপর উঠিলে যদি নিদ্রিত ব্যক্তি স্থির ভাবে থাকে তবে সর্প কখনই দংশন করে না। সর্প শরীরের উপর উঠিলে সর্প স্পর্শে শরীরে অনির্ব্বচনীয় ভাবের উদয় হয় এবং উহা নড়িয়া উঠে এবং যে শরীর নড়ে আর অমনি সর্পে দংশন করে। সেতুর মধ্যে আবার বর্ষা কালে সর্পের দংশনে অধিক লোকের মৃত্যু হয়। মে মাস হইতে সর্প দংশনের বৃদ্ধি হইতে থাকে এবং অক্টবরে কমিতে থাকে। ডিসেম্বর ও জানুয়ারিতে সর্পের সর্ব্বাপেক্ষা কম উপদ্রব। চট্টগ্রাম, ফরিদপুর, মুরশিদাবাদ, রঙ্গপুর, চাম্পারণ, গয়া প্রভৃতি জেলায় সর্পের প্রাদুর্ভাব ক্রমে বৃদ্ধি হইতেছে কিন্তু বাখরগঞ্জ, পাবনা, রাজসাহী, ভাগলপুর, বাকুড়া, বীরভূম, বর্দ্ধমান, হুগলি, মেদিনীপুর প্রভৃতি জেলায় পূর্ব্বাপেক্ষা সর্প দংশন অনেক কমিয়াছে। গত বৎসর যে ৪২০২টি লোককে সর্পে দংশন করে তাহার ৩৫৮৫ জনের মৃত্যু হয়। ২২ হইতে ৩৫ বৎসরের মধ্যে লোক সর্পাঘাতে অধিক মরে। গ্রীষ্ম প্রধান জেলায় মার্চ্চ কি আপ্রেল হইতে সর্পের উপদ্রব অধিক হয়। দিনের বেলা যত লোককে সর্পে দংশন করে রাত্রে প্রায় তাহার দ্বিগুণ লোক সর্প কর্ত্তৃক আহত হয়। নিদ্রিত অবস্থায় সর্পে দংশন করিলে সর্ব্বাপেক্ষা সাংঘাতিক হয়। হস্ত কি পদেই ইহারা অধিক দংশন করে।

———

এক জন সম্বাদদাতা লিখিয়াছেন, যুবরাজ যে উপহার স্বদেশে লইয়া যাইতেছেন তাহার মূল্য প্রায় ৫০ লক্ষ টাকা হইবে। যুবরাজ এ দেশে যে উপহার এবং পুরস্কার প্রদান করিয়াছেন তাহার মূল্য কি তাহা সম্বাদদাতা লিখেন নাই। তিনি বোম্বাই ও মান্দ্রাজে যেরূপ দশ হাজার টাকা দান করেন, কলিকাতায়ও সেই রূপ দশ হাজার টাকা দান করিয়াছেন। এই দশ হাজার টাকা গবর্ণমেন্ট বিতরণ করিয়াছেন। কি উদ্দেশ্যে ইহা ব্যয় হইয়াছে তাহা আমরা এখনও জানিতে পারি নাই।

———

লেফটেনেন্ট গবর্ণর আর একটি কীর্ত্তি স্থাপন করিলেন। তিনি কলিকাতার শিল্প বিদ্যালয়ের সঙ্গে একটি আর্ট গ্যালারি স্থাপন করিতেছেন। এই গ্যালারি অর্থাৎ গৃহে নানা বিধ চিত্র থাকিবে। গবর্ণমেন্ট যত দিন চিত্র সংগ্রহ করিতে না পারিতেছেন, তত দিন বাঙ্গলার প্রধান ২ লোক আপাতত কার্য্য চালাইবার নিমিত্ত তাঁহাদের চিত্র গুলি অর্পণ করিবেন। গবর্ণমেন্ট যখন চিত্র সংগ্রহ করিবেন তখন ইহাদের চিত্র প্রত্যর্পিত হইবে। গবর্ণর জেনারেল কতক গুলি উৎকৃষ্ট চিত্র এই নিমিত্ত অর্পণ করিয়াছেন। বেঙ্গাল গবর্ণমেন্টও কতক গুলি চিত্র ক্রয় করিয়াছেন। বর্দ্ধমানের মহারাজা, রাজা যতীন্দ্র মোহন ঠাকুর, রাজা হরেন্দ্র কৃষ্ণ, রাজা সত্যানন্দ ঘোষাল এবং স্বাধীন রাজারা ইহার সহায়তার নিমিত্ত আপাতত ঋণ স্বরূপ অনেক গুলি চিত্র অর্পণ করিতে চাহিয়াছেন। লেফটেনেন্ট গবর্ণর এই গৃহ সুসজ্জিত করিবার নিমিত্ত নানা রূপ উপায় অবলম্বন করিতেছেন। আর্ট স্কুলের নিকট গবর্ণমেন্ট তিনটি গৃহ ক্রয় করিয়াছেন। এই গৃহের কিছু পরিবর্ত্তন ও সংস্কার হইলে তথায় এই সমুদায় চিত্র রক্ষিত হইবে।

———

আমরা 'ষ্ট্যাটিসটিকাল রিপোটার' হইতে বাঙ্গলা জেলের মৃত্যু সংখ্যা নিম্নে প্রকাশ করিলাম। যাহার কিছু মাত্র দয়া ধর্ম্ম আছে, যাহার শরীরে একটু স্নেহ মমতা আছে, তিনি এই তালিকা পাঠ করিয়া শিহরিয়া উঠিবেন। "অক্টবর মাসে বাঙ্গলার জেল সকলের মৃত্যু সংখ্যা গড়ে হাজারকে ৫০ জন। নবেম্বর মাসে হাজারকে ৭৮ জনের অধিক।' সার রিচার্ড টেম্পল কয়াদিদিগের এই রূপ মৃত্যু সংখ্যা দর্শন করিয়া কিছু ব্যস্ত হইয়াছেন। তিনি ইহা নিবারণের কোন উপায় বাহির করিতে পারেন নাই। আমাদের বিশ্বাস কঠোর শাসন ইহার কারণ। ডাক্তার মাউট জেলের কঠোর শাসনের শমতা করিয়া মৃত্যু সংখ্যা হ্রাস করিয়া ছিলেন। সার রিচার্ড যদি ডাক্তার মাউটের অনুসরণ করেন তাহা হইলে দেখিবেন যে, মৃত্যু সংখ্যা অচিরাৎ কমিয়া যাইবে।

———

শিক্ষা বিভাগের আর মঙ্গল নাই। বাঙ্গলার প্রকৃত বন্ধু আটকিনসন সাহেবের সম্প্রতি মৃত্যু হইয়াছে। তিনি ইটালিতে ভ্রমণ করিতে গমন করেন এবং রোমে তাঁহার মৃত্যু হয়। প্রেসিডেন্সী কালেজের নিমিত্ত চেম্বারস সাহেব নামক এক জন অধ্যাপক ইংলণ্ড হইতে আগমন করেন। ইনি এক জন অদ্বিতীয় পণ্ডিত এবং গবর্ণমেন্ট তাহাকে অনেক যত্ন করিয়া বাঙ্গলায় আনয়ন করেন, কিন্তু তিনি যে দিন বাঙ্গলায় পদার্পণ করেন সেই দিন তাহার মৃত্যু হয়। আবার ইতিপূর্ব্বে বিবি সাহেব, বাবু প্যারি চরণ সরকার প্রভৃতির মৃত্যু হয়।

গবর্ণমেণ্টের আদেশ।

আসিষ্টেন্ট মাজিষ্ট্রেট হেনরি সাহেব দরভাঙ্গা জেলার তাজপুর মহকুমার ভার প্রাপ্ত হইলেন।

ডেপুটী মাজিষ্ট্রেট বাবু পূর্ণ চন্দ্র ঘোষ রাজসাহী কমিশনারের পারসনেল আসিষ্টেণ্ট পদে নিযুক্ত হইলেন।

ডেপুটি মাজিষ্ট্রেট বাবু মাধব চন্দ্র মৈত্র জলপাইগুড়িতে বদলি হইলেন।

ডেপুটি মাজিষ্ট্রেট মৌলবি সয়েদ ওবেদুল্লা বগুড়ায় বদলি হইলেন।

বাবু উপেন্দ্র নাথ ঘোষ হরিপালের মনসফি পদে একটিং নিযুক্ত হইলেন।

বাবু ভুবন চন্দ্র মুখোপাধ্যায় ঢাকার দ্বিতীয় সবরডিনেট জজের পদে নিযুক্ত হইলেন।

সংবাদ।

—যুবরাজ এ পর্য্যন্ত এ দেশ হইতে যত উপহার প্রাপ্ত হইয়াছেন তাহার মধ্যে ত্রিবাঙ্কুরের মহারাজা প্রদত্ত একটী চিত্র দেখিয়া তিনি যেরূপ মোহিত হইয়াছেন এরূপ আর কিছুতেই তাঁহাকে মোহিত করে নাই। এ দেশীয় এক জন রমণী সেতার বাদ্য করিতেছে চিত্রে ইহাই চিত্রিত হইয়াছে। যুব রাজ এই চিত্রটি দেখিয়া মহারাজকে জিজ্ঞাসা করেন যে, এ চিত্রটি কি ইংলণ্ডের কোন বিখ্যাত চিত্রকরের নির্ম্মিত? মহারাজ বলেন, "না, এটি এ দেশীয় এক জন যুবক আঁকিয়াছে। এই যুবকটি তাঁহার রাজ কার্য্যে নিযুক্ত আছে।" মান্দ্রাজে শিল্প পরিদর্শনে এই চিত্রকর একটি পুরস্কার প্রাপ্ত হইয়া ছিল। ভারতবর্ষের কোথায় যে কত রত্ন পড়িয়া আছে তাহা অনুভব করাও যায় না।

—বিলাত হইতে গত চারি বৎসরে ষ্টেট রেলওয়ে নির্ম্মাণ জন্য ৪৪০০০০০ মন লৌহ এবং অপর কার্য্যের নিমিত্ত ১৩৭২০০০ মন লৌহ এ দেশে আমদানি হইয়াছে। এ দেশে প্রচুর লৌহ আছে, অথচ আমাদের অন্য দেশ হইতে এত লৌহ আনিতে হয়।

—বর্ত্তমান বৎসর আফিঙ্গের যে আয় হইবে গবর্ণমেন্ট অনুমান করেন, তাহা অপেক্ষা ২০৭৯৪১০ টাকা অধিক আয় হইয়াছে।

—বোম্বাইয়ে ফিমেশনেরা একটি নূতন গৃহ প্রস্তুত করিতেছেন। ইহাতে তাহাদের দেড় লক্ষ টাকা ব্যয় হইবে।

—এ বৎসর মরীচি দ্বীপে যেরূপ চিনি উৎপন্ন হইয়াছে এরূপ সেখানে আর কখন হয় নাই। এ পর্য্যন্ত মরীচি দ্বীপে ফারাশি মুদ্রা প্রচলিত ছিল। সম্প্রতি ব্যবস্থাপক সভা কর্ত্তৃক সাব্যস্ত হইয়াছে যে, সেখানে এ দেশীয় টাকা প্রচলিত হইবে। এ দেশে এ বৎসর চিনির বাজার ভারি নরম। মরীচি দ্বীপে যেরূপ চিনি হইয়াছে তাহাতে এবার চিনির বাজার বোধ হয় আরও নরম হইবে।

—পরাপাকেরী নামক এক ব্যক্তি কাদির মিসা মিরা কয়েল নামক জনেক ব্যক্তির নামে নিগাপাতামের তহসিলদারের নিকট অভিযোগ করে। তহসিলদার অপরাধীর নামে শমন পাঠান। অপরাধী তহসিলদারের নিকট উপস্থিত হয় এবং জামিন দিতে চাহে কিন্তু তিনি তাহা না শুনিয়া তাহাকে কারারুদ্ধ করেন। এ ব্যক্তি কিয়ৎ কাল কারাগারে থাকে এবং তৎ পরে এক জন কুলী স্ত্রীলোককে বাহির করণ অপরাধে ইহাকে উত্তর তাঞ্জোরের সেসনে সোপর্দ্দ করা হয়। আপিলেট কোর্টে সাক্ষ্য দ্বারা সপ্রমাণ হইল যে অপরাধীর কোন দোষ নাই এবং তাহাকে খালাস দেওয়া হইল। মিরা কোয়েল খালাস হইবা মাত্র সুবারডিনেট কোর্টে বাইশ শত টাকা খেসারতের দাবি দিয়া তহশিলদারের নামে নালিশ করিল। সুবারডিনেট জজ এ মকদ্দমা ডিসমিস করিলেন। কিন্তু এ বিষয় আপিল করাতে ডিষ্ট্রীক্ট মাজিষ্ট্রেট দেখিলেন যে, প্রকৃতই মন্দ অভিসন্ধির বশবর্ত্তী হইয়া প্রতিবাদী বাদীকে এরূপ অন্যায় রূপে ব্যবহার করিয়াছেন এবং তজ্জন্য তহশিলদারের বিরুদ্ধে ক্ষতি পূরণ স্বরূপ তিন শত টাকা এবং খরচা বাদে তিন শত পঁচাত্তর টাকার ডিক্রী দিলেন। তহশিলদার হাইকোর্টে আপিল করিয়াছেন। গবর্ণমেণ্ট প্লিডার হাগুলী সাহেব ডিক্রী স্থগিতের জন্য দরখাস্ত করিয়াছেন, কারণ বাদীর এমন কোন সম্পত্তি নাই যদ্দারা স্পেশাল আপিলেণ্ট হাইকোর্ট হইতে ডিক্রী পাইলে তাহার ডিক্রী অনুযায়ী টাকা আদায় হয়। হাইকোর্ট ডিক্রী স্থগিত রাখিয়াছেন।

—ভারতবর্ষে বৎসর বৎসর যত বন্য জন্তু ও বিষাক্ত সর্প হত হয় তাহার একটি তালিকা প্রস্তুত হইয়া থাকে। এই নিমিত্ত ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের কত ব্যয় হয় এবং বৎসরে কত জন্তু ও সর্প ধ্বংশ হয় তাহার রিপোর্ট ষ্টেট সেক্রেটারী চাহিয়া পাঠাইয়াছেন। প্রতি বৎসর তাঁহার নিকট এই সম্বন্ধে একটী রিপোর্ট পাঠাইতে হইবে। গবর্ণমেণ্ট বন্য পশু ও সর্প কুল বিনাশের নিমিত্ত যৎ সামান্য অর্থ ব্যয় করিয়া থাকেন। যদি ইহা অপেক্ষা কিছু অধিক টকা ব্যয় করিতেন তাহা হইলে এত দিন হিংস্র জন্তু ও সর্প বংশ নির্ম্মূল না হউক, ইহাদের সংখ্যা যে শত গুণ কমিয়া যাইত তাহার সন্দেহ নাই। ষ্টেট সেক্রেটারী গবর্ণমেণ্টের এই ক্ষতিজনক কৃপণতা যদি দূর করিতে পারেন তাহা হইলে দেশের প্রকৃত বিস্তর মঙ্গল হয়।

—এ দেশে কাপড়ের ব্যবসা মেঞ্চেষ্টর ধ্বংশ করিয়াছেন। লিবরপুল বোধ হয় সত্বর লবণের ব্যবসায় ধ্বংশ করিবেন। এ বৎসর লিবরপুল হইতে এ দেশে যে লবণ আসিয়াছে তাহার শুল্ক গত বৎসর অপেক্ষা বিস্তর বৃদ্ধি হইয়াছে। গবর্ণমেণ্ট আয় ব্যয় হিসাব করিবার নিমিত্ত এই সমুদয় বিষয় প্রকাশ করেন কিন্তু ইহা দেখিয়া আমাদের যম যন্ত্রণা উপস্থিত হয়। অন্য দেশে এরূপ বিষয় প্রকাশিত হইলে লোকে উত্তেজিত হয় ও তাহারা কিসে স্বদেশীয় ব্যবসা রক্ষা করিবে তাহার নিমিত্ত প্রাণপণে যত্ন করে। আমাদের ইহা দেখিয়া হতাশ উপস্থিত হয় এবং যে একটু উৎসাহ আশা ভরসা থাকে তাহা অন্তর্হিত হয়।

—গত ডিসেম্বর মাসে কলিকাতা হইতে ৯৯৪ জন বন্দী ডেমারা এবং ফারাশিশদিগের ওয়েষ্ট ইণ্ডিয়ান উপনিবেশে প্রেরিত হইয়াছে। এবার ট্রিনিদাদ, জেমিয়াকা, নাটাল অথবা মরিসাসে কোন বন্দী প্রেরিত হয় নাই। বন্দীদিগের মধ্যে ৮৪৬জন হিন্দু এবং ১৪৮ জন মুসলমান।

—টমাসন কালেজ নামক বিদ্যালয়ের এক জন কর্ম্মচারী ডগলাস সাহেব বিষ পান দ্বারা প্রাণ ত্যাগ করিয়াছেন। তিনি তাহার স্ত্রী ও দুইটি শিশু সন্তান রাখিয়া গিয়াছেন।

—ষ্ট্যাটেটিসটিকাল রিপোর্টে সিরাজগঞ্জের বিবরণ প্রকাশিত হইয়াছে। সিরাজগঞ্জে ছয়টী ইংরাজের কার্য্যালয় আছে। একটি পাটের কল আছে। বেঙ্গল ব্যাঙ্কের একটি শাখা আছে। পাবনা, ময়মানসিংহ, রংপুর, বগুড়া, গোয়ালপাড়া প্রভৃতি স্থান হইতে যে সমুদয় বাণিজ্য দ্রব্য কলিকাতায় প্রেরিত হয় তাহা সমুদয় সেরাজগঞ্জ দিয়া যায়। সিরাজগঞ্জের পাটের কলটী উত্তম চলিতেছে। গত বৎসর এখানে এক লক্ষ মন পাটের থ্রান প্রস্তুত হয়।

—গবর্ণমেণ্ট নিম্ন লিখিত তালিকাটী প্রকাশ করিয়াছেন। ভারতবর্ষের ৯০৭০৮৬ বর্গ মাইল ভূমি ইংরাজেরা অধিকার করিয়াছেন। ইহাতে ৫০টী বিভাগ, ২৩৫টী জেলা আছে। ইহার মধ্যে ৩৭০৪১২৫৯ ঘর বসতি এবং জন সংখ্যা ১৯০৫৬৩০৪৮। ইংরাজদিগের সঙ্গে ভারতবর্ষের যে সমুদয় রাজার মিত্রতা আছে তাহাদের রাজ্যের পরিমাণ ফল ৫৪৬৬৯৫ বর্গ মাইল এবং জন সংখ্যা ৪৮২৬৭৯১০ অর্থাৎ সর্ব্ব সমেত ভারতবর্ষের পরিমাণ ফল ১৪৫৩৭৮১ বর্গ মাইল এবং জন সংখ্যা ২৩৮৮-৫০৯৫৮। ইংরাজ অধিকৃত ভারতবর্ষে ১৩৯২৪৮৫৬৮ জন হিন্দু, ১১৭৪৪৩৬ জন শিক, ৪০৮৮২৫৩৭ মুসলমান, ২৪৩২৪৫১ বৌদ্ধ এবং ৮৯৬৬৫৮ জন খৃষ্টান এবং অপর জাতি ৫১০২৮২৩। ভারতবর্ষে প্রায় ৪৩৫১৭৫ জন লোক আছে যাহাদের কোন ধর্ম্মই নাই।

—সম্প্রতি বাঙ্গলা দেশে এক জন দেশীয় তাঁতি একটী কল প্রস্তুত করিয়া বিশেষ নৈপুণ্য প্রদর্শন করিয়াছে। এই কলের দ্বারা পেণ্টলুন, কোর্ত্তা প্রভৃতি জামা অতি শীঘ্র প্রস্তুত হয়। এক ব্যক্তি এই যন্ত্র চাক্ষুষ দেখিয়া কাপড় প্রস্তুত সম্বন্ধে এই রূপ বর্ণনা করিয়াছেন। প্রথমে যেরূপ জামা প্রস্তুত করিতে হইবে কাপড় তদনুরূপ করিয়া কাটিয়া লইয়া বয়ন যন্ত্রে স্থাপন করিতে হইবে; তাহা হইলে যে সমস্ত অংশ যুড়িতে হইবে সে অংশ আপনা হইতেই শেলাই হইয়া যাইবে। শেলাইয়ের বিশেষ তাৎপর্য্য এই যে, হস্ত দ্বারা স্পর্শ না করিলে বস্ত্রের সংযোজনের স্থল চেনা যায় না। শেলাই যন্ত্র অপেক্ষা এই কলে কাপড় অতি শীঘ্র এবং উত্তমরূপে প্রস্তুত হয়।

—জান সাহেব নামক এক জন ফকির গণনা শক্তির আশ্চর্য্য পরিচয় প্রদান করিয়াছেন। এই ব্যক্তি হাবড়া ও কলিকাতার অনেক ব্যক্তির নিকট পরিচিত। সম্প্রতি এক জনের কতক গুলি সোণার গহনা হারাইয়া যায়। সে ঐ ফকিরের নিকট তাহার অপহৃত গহনার বিষয় জিজ্ঞাসা করে। ফকির আদ্যন্ত শ্রবণ করিয়া এক খানি রাশি চক্র বাহির করিল। ইহাতে সমস্ত রাশি, নক্ষত্র এবং কতক গুলি আকৃতি অঙ্কিত ছিল। ফকির রাশি চক্র দেখিয়া যে ব্যক্তির জিনিস হারাইয়াছে তাহার দিকে তাকাইয়া বলিল যে, যে ব্যক্তি চুরি করিয়াছে সে তাহার অধীনে কাজ করে, এবং এই রাশি চক্রে যেরূপ দাগ দেখিতেছ তাহার পৃষ্ঠেও ঐরূপ একটি দাগ আছে এবং সমস্ত অপহৃত দ্রব্য কোন এক জন পোদ্দারের নিকট রন্দক আছে। তৎ পরে এই ব্যক্তি অনুসন্ধান করিয়া দেখিল যে ফকীর যাহা২ বলিয়াছিল তাহা সমুদয় সত্য।

—গত সোমবারে পুনা নগরে মুলামুটা নদির দুধারে অসংখ্য লোক দাঁড়াইয়া গোয়ারা ডুবান দেখিতেছে ইতি মধ্যে হঠাৎ গোল হইয়া উঠিল যে, এক জন মানুষ ডুবিয়াছে। মেজর ফসবারি সেই সময় নৌকারোহণে তথায় উপস্থিত হন এবং ঐ কথা শুনিবা মাত্র নৌকা হইতে জলে ঝাঁপ দেন। তিনি চারি বার ডুব দিয়া পঞ্চ দশ বর্ষের একটী বালক লইয়া ভাসিয়া উঠেন এবং অনেক কষ্টে তাহাকে লইয়া তীরে উপস্থিত হন। ফসবারি সাহেব অতি বীরত্ব দেখাইয়া বালকটীকে উত্তোলন করিয়াছিলেন বটে, কিন্তু দুঃখের বিষয় এই যে, তৎ পরে বালকটী অতি অল্প কাল মাত্র জীবিত ছিল।

—নেজার কোয়াইলের সুবর্ণ জরি না লইয়া রাজ কুমার ত্রিবাঙ্কুর পরিত্যাগ করিবেন না। কারণ এখানে যেরূপ উৎকৃষ্ট সোণার জরি প্রস্তুত হয় এরূপ ভারতবর্ষে আর কোথায়ও হয় না। নেজার কোয়াইলের মিসনারি মহিলাগণ রাজ কুমারকে জরি উপঢৌকন দিতে পারেন নাই বলিয়া দুঃখিত হইয়াছেন। যাহা হউক ফেরার সাহেব তাহাদের প্রদত্ত জরি রাজকুমারকে দিবেন। মান্দ্রাজের বিশপ এই জরি দেখিয়া অত্যন্ত ব্যাখ্যা করিয়াছেন। কেহ কেহ বলেন রাজকুমার যে সমুদয় উৎকৃষ্ট দ্রব্য ভারতবর্ষে উপঢৌকন স্বরূপ পাইয়াছেন তত্তুলনায় এই জরি নিকৃষ্ট হইবে না।

—২৯শে জানুয়ারি হইতে ৪টা ফেব্রুয়ারি পর্য্যন্ত মান্দ্রাজে ২ জন ইউরোপীয়, ১৪ জন ইষ্ট ইণ্ডিয়ান, ২৩৯ জন হিন্দু, ৫৭ জন মুসলমান মৃত্যু গ্রাসে পতিত হয়, সর্ব্বশুদ্ধ ৩০২ জন। ইহার পূর্ব্বে দশ বৎসর পর্য্যন্ত ঐ সময়ে গড়ে ২৬৭ জন করিয়া মরিয়াছে। মৃত ব্যক্তিদের মধ্যে ৩ জন বসন্ত রোগ, ৪৪ জন জ্বর, ২৮ জন আমাশা, ২৩ জন অতিসার, ৫০ জন ওলাউঠা, এবং ১৫৪ জন অন্যান্য রোগাক্রান্ত হইয়া মরিয়াছে। এখানকার জন সংখ্যা ৩৯৬,৫৫২। উপরোক্ত সপ্তাহে সহস্র জনের মধ্যে প্রতি বৎসর ৩৯৫ জন করিয়া মরিয়াছে।

—কাশ্মীরের মহারাজা যুবরাজকে এক খানি শাল উপহার দিয়াছেন। এ খানির মূল্য দশ হাজার টাকা। ইহাতে কাশ্মীর রাজ্যের মানচিত্র অঙ্কিত রহিয়াছে। কাশ্মীরের নদ, নদী, পর্ব্বত, উপত্যকা, বন সমুদয় ইহাতে চিত্রিত রহিয়াছে।

—মান্দ্রাজের গবর্ণর ডিউক অব বকিংহম ১৬ই ফেব্রুয়ারি মান্দ্রাজ হইতে কলিকাতায় রওনা হইবেন। তিনি এখানে চারি দিন থাকিবেন।

—যখন দিল্লিতে কাল্পনিক যুদ্ধ হয় তখন সেখানে ৪৮৫২৬ জন সৈনিক পুরুষ, ১১৪৯২টি অশ্ব, ২১৩টি হস্তি ও ৮০৩৪১২৮৯ বলদ উপস্থিত ছিল।

—ইউরোপীয় তুর্কিতে যে সমুদয় প্রজারা বিদ্রোহী হয় তাহাদের উপর তুর্কি গবর্ণমেণ্টের সৈন্যেরা ভারি উপদ্রব করিতেছে। এই রূপ রাটী হয় যে, তাহারা এক রাত্রে সমুদয় বিদ্রোহী খৃষ্টানদিগকে বিনষ্ট করিবে। ইউরোপে খৃষ্টানদিগের প্রাদুর্ভাব, সেখানে এরূপ উপদ্রব করিলে তুর্কি গবর্ণমেণ্ট বিপদাপন্ন হইতে পারেন।

—যুবরাজের ভারত দর্শন সম্বন্ধে ভারতবর্ষবাসীদের মধ্যে যিনি সর্ব্বোৎকৃষ্ট পদ্য লিখিতে পারিবেন তিনি পুরস্কার পাইবেন এই রূপ একটী বিজ্ঞাপন প্রকাশিত হয়। এই বিজ্ঞাপন অনুসারে ভারতবর্ষের সর্ব্বত্র হইতে ইংলণ্ডে উক্ত বিষয়ক পদ্য প্রেরিত হইয়াছে। বাঙ্গলা হইতে রামশর্ম্মা, হরচন্দ্র ঘোষ, সতীশ চন্দ্র দত্ত, গোবিন্দ চন্দ্র সেন প্রভৃতি কয়েক জন পদ্য পাঠাইয়াছেন। বাবু হেমচন্দ্র ও বাবু নবীন চন্দ্রের দুই খানি পদ্য ইংলণ্ডে পাঠান উচিত ছিল।

—আমরা ভাবিয়া ছিলাম যে, যুবরাজ আর কোন স্থানে তাঁহার বদান্যতার পরিচয় প্রদান করিবেন না। কিন্তু আমরা দেখিয়া আশ্চর্য্য হইলাম যে, কলিকাতার সাধারণ লোকের উপকারার্থে তিনি দশ হাজার টাকা দান করিয়াছেন। এরূপ যৎসামান্য দানে যুবরাজের নাম কলঙ্কিত হয় মাত্র।

—মান্দ্রাজ ষ্টান্ডার্ড বলেন, মান্দ্রাজ গবর্ণমেণ্ট রাজ কুমারের আগমনোপলক্ষে দুই লক্ষ টাকা ব্যয় করিয়াছেন।

—বাঙ্গলার ৬৩৫ জন সিবিল সারভাণ্টের মধ্যে গত ডিসেম্বর মাসের শেষে ৬৭ জন ছুটীতে অনুপস্থিত ছিলেন।

—সিন্ধিয়ান পত্রিকা বলেন, খেলাতের খাঁর অতিশয় বিপদ। নুরুদ্দিন মেঙ্গালকে খুন করায় তাহার কতক গুলি প্রবল শত্রু হইয়া উঠিয়াছে। নুরুদ্দিনের ভ্রাতা এব্রাহিম ১৮ হাজার সৈন্য জড় করিয়াছে এবং সত্বর সে খাঁকে আক্রমণ করিবে। এব্রাহিম বলিতেছে যে, তাহার ভাইয়ের মৃত্যুর প্রতিশোধ না লইয়া সে ক্ষান্ত হইবে না।

—সকত্রা নামক একটী দ্বীপ ইংরেজেরা কিনিয়াছেন। ইহা এডেন উপসাগরের নিকটবর্ত্তী এবং গুয়ারডাফুই অন্তরিপ হইতে অধিক দূরে নহে। এটি মাসকাটের ইমামের সম্পত্তি ছিল। ইহার পরিমাণ ফল এক হাজার মাইল এবং আপাতত ৫ হাজার লোক এখানে বাস করে। এই দ্বীপ অতিক্রম করিয়া লোহিত সমুদ্রে পড়িতে হয়, এই নিমিত্ত এই দ্বীপটি বিশেষ মূল্যবান। এখানকার অধিবাসীগণ প্রায় আরব ও কাফ্রি এবং অল্প সংখ্যক পর্ত্তুগিজ ফিরিঙ্গিও আছে। সকত্রার মৃত্তিকা সারবান নহে এবং তথায় পাথুরে চুন ও গ্রানাইট পাথর ভিন্ন প্রায় আর কিছুই জন্মে না। ইহার মধ্য ভাগ পর্ব্বতময় এবং একটী পাথুরে চুনের পর্ব্বত প্রায় ৫ হাজার ফিট উচ্চ। সকত্রার রাজধানীর নাম তামারিন্দা। রাজধানীতে অতি অল্প লোকই বাস করে। এখানকার বাণিজ্য ব্যবসায় মসকাটের সহিত হইয়া থাকে। মুসব্বর, গঁদ, তেঁতুল, তামাকি ও খেজুর সচরাচর এখান হইতে অন্য দেশে রপ্তানি হয়।

—গত যে সপ্তাহ ৫ই ফেব্রুয়ারীতে শেষ হয় সেই সপ্তাহে কালকাতায় দুই শত এগারো জন ব্যক্তির মৃত্যু হয়, অর্থাৎ তৎ পূর্ব্ব সপ্তাহ অপেক্ষা মৃত্যু সংখ্যা ৬৭টি কম। ইহাদের এক জন বসন্ত, বারো জন ওলাউঠা, ২৭ জন আমাসা এবং ৭৭ জন জ্বরে প্রাণ ত্যাগ করে। মৃত ব্যক্তিদের মধ্যে ১৩ জন খৃষ্টান, ১৬৭ জন হিন্দু, এবং একচল্লিশ জন মুসলমান।

—শ্যাম রাজ্যে দুই জন রাজা রাজত্ব করেন। ইহাদের ক্ষমতা প্রায় তুল্য, কেবল বড় রাজার ক্ষমতা একটুকু বেশী। ইহাদের উভয়ের ভিন্ন সৈন্য, উভয়ের ভিন্ন মন্ত্রী সভা, ভিন্ন রাজধানী কিন্তু আশ্চর্য্যের বিষয় যে, ইহাদের পরস্পরে কখন বিবাদ বিসম্বাদ হয় না। পৃথিবীর বোধ হয় কোন রাজ্যে এরূপ প্রণালীতে শাসন হয় না। এতদ্ভিন্ন অন্যান্য দেশের ন্যায় এখানে পুত্রে পিতার সিংহাসনে আরোহণ করেন না। রাজার মৃত্যুর পর তাহার ভ্রাতা এবং ভ্রাতা অভাবে খুল্লতাত সিং... প্রাপ্ত হন। যদি ভাই কি খুড়া কেহ না থাকেন তাহা হইলে জ্যেষ্ঠ পুত্র সিংহাসন আরোহণ করেন। যদি জ্যেষ্ঠ পুত্র তাহার পিশীর সন্তান না হন তাহা হইলে আবার তাহার সিংহাসন পাওয়া দুরূহ ব্যাপার হইয়া উঠে। পিশীর সন্তান কিরূপ বলিতেছি। শ্যাম রাজ্যে এই নিয়ম প্রচলিত যে, রাজা তাহার ভগ্নিকে বিবাহ করিবেন, অবশ্য যদি তাহার ভগ্নি থাকে। ...মবাসীরা ইহাকেই কেবল রাণী বলিয়া স্বীকার করে। রাজার আরো শত সহস্র স্ত্রী থাকিতে পারে, কিন্তু তাহার বিবাহিত ভগ্নি ভিন্ন আর কেহ রাণী উপাধি ধারণ করিতে পারেন না। ইহার গর্ব্ভে যে সন্তান জন্মে তিনিই কেবল মৃত রাজার ভ্রাতা কি খুল্লতাত অবর্ত্তমানে সিংহাসনে আরূঢ় হইতে পারেন। যদি রাণীর পুত্র সন্তান না হয় তাহা হইলে রাজার অন্যান্য স্ত্রীর গর্ব্ভে যে সকল পুত্র সন্তান জন্মে তাহাদের মধ্য হইতে এক জনকে রাজতক্তায় উপবেশন করান হয়। শ্যামের বর্ত্তমান বড় রাজা রাণীর পুত্র নহেন। ইনি রাজার অন্য এক স্ত্রীর গর্ব্ভজাত। ইনি এই রূপে সিংহাসন প্রাপ্ত হন। শ্যামের মৃত ছোট রাজা, যিনি মৃত বড় রাজার খুল্লতাত ছিলেন, তিনি বড় রাজার জীবদ্দশায় মানবলীলা সংবরণ করেন। তিনি একটি পুত্র সন্তান রাখিয়া যান। কিছু দিন পরে বড় রাজার মৃত্যু হয়। তাহার বিবাহিত ভগ্নীর পুত্র সন্তান না থাকায় আইনানুসারে ছোট রাজার পুত্র বড় রাজার সিংহাসনের উত্তরাধিকারী হন এবং সম্ভবতঃ ইনিই রাজসিংহাসন প্রাপ্ত হইতেন, কিন্তু রাজ ভবনের কোন চক্রী ব্যক্তি চক্রান্ত করিয়া তাহাকে ছোট রাজার সিংহাসনে বসাইয়া দেয়, মৃত রাজার অন্য এক স্ত্রীর পুত্রকে বড় রাজার সিংহাসন অর্পণ করে। এক্ষণকার ছোট রাজা ও বড় রাজায় তত প্রণয় নাই। তাহার প্রধান কারণ এই যে, ছোট রাজার প্রতি অন্যায় ব্যবহার করা হইয়াছে। ছোট রাজা থাকিতে বর্ত্তমান বড় রাজার সিংহাসনে কোন দাবি নাই, কিন্তু তথাচ তিনি উহা অধিকার করিয়া বসিয়াছেন। ছোট রাজা তাহার প্রাপ্য সিংহাসন উদ্ধার করিবার জন্য সুযোগ তল্লাস করিয়া বেড়াইতেছেন, কিন্তু বড় রাজাও বিশেষ সতর্ক আছেন। কিছু দিন হইল ইহাদের মধ্যে ঘোর বিবাদ উপস্থিত হইবার উপক্রম হইয়াছিল। বড় রাজা স্ত্রীলোক লইয়া প্রায় অন্দরে বাস করেন। এক দিন তিনি হঠাৎ শুনিতে পান যে, রাজ অট্টালিকার এক অংশে অগ্নি ধরিয়া গিয়াছে। লোক জন সমুদায় ব্যতিব্যস্ত হইয়া অগ্নি নিবারণের চেষ্টা করিতেছে ইতি মধ্যে ছোট রাজা প্রায় দুই শত সৈন্য সহ বড় রাজার রাজপুরে উপস্থিত। বড় রাজা ভীত হইয়া তখনই তাহার সৈন্যগণকে আহ্বান করেন এবং ছোট রাজা ও তাহার লোক জনকে তাড়াইয়া দেন। ছোট রাজা বলেন যে, আগুন নিবারণ করিবার জন্য তিনি আগমন করেন, কিন্তু বড় রাজার সৈন্যগণ তাহাকে বন্দী করিবার নিমিত্ত তাহার পশ্চাৎ২ ধাবিত হয়। অবশেষে ছোট রাজা ব্রিটিশ দূতের গৃহে আশ্রয় লন। দূতকে তাহারা অনেক ভয় প্রদর্শন করে কিন্তু তিনি কোন ক্রমে ছোট রাজাকে শত্রু হস্তে অর্পণ করেন না। ইহাদের গোলমাল আপাতত মিটিয়া গিয়াছে, কিন্তু পরস্পরের মধ্যে আন্তরিক সৌহৃদ্য স্থাপিত হওয়া একরূপ অসম্ভব।

—ভারতবর্ষের মধ্য প্রদেশে শিক্ষা বিষয়ে অতি ক্রমোন্নতি দেখা যাইতেছে। বাঙ্গলা কি বোম্বাইয়ে বৎসর ন্যূনাধিক সহস্র নূতন পুস্তক প্রকাশিত হয়, কিন্তু গত বৎসর মধ্য প্রদেশে সর্ব্ব সাকল্যে দুই খানি মাত্র পুস্তক প্রকাশিত হয়।

—নিজামের রাজ ধানীতে প্রায় দশ হাজার সুনি পাঠান আছে। ইহারা অতিশয় কলহপ্রিয় এবং প্রায় শান্তি ভঙ্গ করে। সে দিবস নিজামের শিক্ষক ইহাদিগের এক ব্যক্তি কর্ত্তৃক হত হন। শুনা যাইতেছে যে, সার সালার জং ইহাদিগকে রাজধানী হইতে নির্ব্বাসিত করিবার সংকল্প করিয়াছেন। কিন্তু ইহারা নির্ব্বাসিত হইয়া কোথায় যাইবে? বোধ হয় এটি জনরব মাত্র।

—মক্কা পরিদর্শন করিয়া আর এক জন ইংরেজ সম্প্রতি বোম্বাই পৌঁছিয়াছেন। ইহার নাম এইচ ব্রাউন। ইহার পূর্ব্বে কাপ্তেন বার্টন নামক আর এক জন ইংরেজ মক্কায় গমন করেন এবং তিনিও এখন বোম্বাই আছেন। ব্রাউন সাহেব সত্বর তাহার ভ্রমণ বৃত্তান্ত প্রকাশ করিবেন।

—কলিকাতার পাবলিক লাইব্রেরীটী বোধ হয় উঠিয়া যাইতেছে। এটি কলিকাতার দুর্ভাগ্যের বিষয় বলিতে হইবে। এই লাইব্রেরী দ্বারা যে কত উপকার হইয়াছে ও কত উপকার হইবার সম্ভাবনা তাহা বলা যায় না। এটী উঠিয়া গেলে যে অভাব হইবে তাহা কিছু দ্বারা পূরণ হইবে না।

—এক ব্যক্তি মশক দংশনের একটি ঔষধ আবিস্কার করিয়াছেন। ঔষধটী এই। যে কোন পোকা শুকাইয়া গুড়া করিতে হইবে। এই গুড়ার টিনচার করিয়া তাহার এক ভাগ লইবে এবং উহার সহিত দুই ভাগ সুরা ও দুই ভাগ জল মিশ্রিত করিয়া শরীরের যেখানে মালিস করিয়া দিবে সেখানে আর মশা লাগিবে না। যিনি এই ঔষধ আবিস্কার করিয়াছেন তাহার নাম ডাক্তার জ্যাগর। ইনি জারম্যান এবং শ্যাম দেশে এই ঔষধ আবিস্কার করেন। কিন্তু শ্যাম দেশের মশকের নিকট যাহা বিষ তাহা এ দেশীয় মশকের আহার হইতে পারে। ডাক্তার জ্যাগর কি ভারতবর্ষে তাহার ঔষধ পরীক্ষা করিয়া দেখিয়াছেন?

—এক খানি ইংরেজী পত্রিকা বলেন যে, খেলাতের খাঁ অতিশয় ভয়ানক লোক। ইহার অসাধ্য কোন কর্ম্ম নাই। নাক্রুদ্দিন মেঙ্গল নামক এক ব্যক্তিকে ইনি বিশ্বাসঘাতকতা করিয়া বধ করিয়াছেন। এই নিমিত্ত তাহার রাজ্যের সমুদায় সর্দ্দারগণ একত্রিত হইয়া তাহার বিরুদ্ধে অস্ত্র ধারণ করিতে প্রস্তুত হইতেছে। অনেকে আশংকা করিতেছেন যে, খেলাতের খাঁর এবার ভারি বিপদ এবং তিনি কদাচ তাহার সিংহাসন রক্ষা করিতে পারেন।

—পিরাকের যুদ্ধ এক রূপ অবসান হইয়াছে। ইংরেজদের যদিও অনেক গুলি সৈন্য মারা পড়িয়াছে কিন্তু তাহারা পিরাকবাসীদিগকে প্রায় দমন করিয়া তুলিয়াছেন। ষ্ট্রেটস্ সেটেলমেণ্টের গবর্ণর এই মর্ম্মে এক খানি ঘোষণা পত্র প্রচার করিয়াছেন যে, যেহেতু বার্চ সাহেবের হত্যাকারীদের ধরিবার নিমিত্ত যে সকল সৈন্য প্রেরিত হয় তাহারা সকল বাধা অতিক্রম করিয়া শত্রুদিগকে অপদস্থ করিয়াছে, অতএব সর্ব্ব সাধারণকে জানান যাইতেছে যে, যাহারা এই হত্যাকারীদিগকে ধরিয়া দিতে পারিবে তাহারা নিম্ন লিখিত নিয়মে পুরস্কার পাইবে, অর্থাৎ যে ব্যক্তি পাণ্ডাক আদাম মহারাজা লিলা, ফাতু সাগর এবং পাণ্ডাক ইনদাতুকে ধরিয়া দিতে পারিবে সে পর্য্যায়ক্রমে ১২০০০, ৬০০০ এবং ৬০০০ টাকা পুরস্কার পাইবে। যে সকল লোক ইংরেজদের ভয়ে গৃহ ত্যাগ করিয়া পলায়ন করিয়াছে তাহাদিগকে পুনরায় গৃহে আগমন করিয়া সংসার ধর্ম্ম করিবার নিমিত্তও উত্তেজনা করা হইয়াছে।

প্রেরিত।

মুরসিদাবাদ সভা।

এই সভার গত অধিবেশনে এজমালী জমিদারীর ম্যানেজার নিযুক্ত করা সম্বন্ধে তর্ক বিতর্ক হয়।

শ্রীযুত রায় ধনপৎ সিং বাহাদুর বলেন যে, প্রস্তাবিত আইনের সমগ্র পর্য্যালোচনা করিয়া এই স্থির করিয়াছেন, যে উক্ত আইন পাস হইলে জমিদারগণকে নাবালগের ন্যায় থাকিতে হইবে। কালেক্টর বা ম্যানেজার তাঁহাদিগের হর্ত্তা কর্ত্তা হইবেন। প্রাপ্ত বয়স্ক হইলেও জমিদারগণকে ওয়ার্ডে থাকিবার ন্যায় থাকিতে হইবে। সুতরাং এই আইন দ্বারা জমিদারগণের স্বত্বের বিশেষঃ হানির সম্ভাবনা। তিনি আরও বলেন এই আইনের পাণ্ডুলিপি অতি অসম্পূর্ণ, কারণ এক বিষয়ের দুই সরীক হইলে সে স্থলে কিরূপ হইবে তাহার কোন ব্যবস্থা নাই।

শ্রীযুক্ত বাবু বৈকুণ্ঠ নাথ সেন বলেন, বোধ হয়, তিন শ্রেণীর লোক এই আইনের ফল ভোগ করিবে। এখানে ষ্টেট অর্থে কেবল জমিদারী বুঝাইতেছেনা। জমি সম্বন্ধীয় সকল বিষয়ই বুঝাইতেছে, সুতরাং লাখরাজ জমিও বুঝাইতে পারে। প্রথম গবর্ণমেণ্ট, এ আইনের ফল ভোগী হইলেও তাঁহার বিশেষ ক্ষতি বৃদ্ধি নাই। পত্তনিদারগণের বড় ক্ষতি হইবে না। লিখিত পড়িত বন্দবস্তের সহিত, এ আইনের কোন সম্পর্ক নাই। তৎপর, দুই শ্রেণীর লোক, অর্থাৎ এজমালি জমির প্রজা, আর এজমালি বিষয়ের অধিকারিগণ, এই আইন দ্বারা বিশেষ আবদ্ধ হইতেছে। এজমালি প্রজার যে অসুবিধা ও কষ্ট হয়, তাহা সকলেই জানেন। এক প্রজার নিকট পাঁচ গোমস্তায় খাজানা আদায় করিতে হইলে এক প্রজাকে পাচ মনিবের মন যোগাইতে হইলে, এজমালির বিষয় লইয়া সরিকি বিবাদ ঘটিলে প্রজা লোকের যে বিশেষ ক্লেশ হয় তাহা বোধ হয়, সকলেই স্বীকার করিবেন। সে সকল ক্লেশ নিবারণ জন্য এ আইন ভাল বোধ হয়। ইহা দ্বারা এজমালি বিষয়ে এক ব্যক্তি জমিদার স্বরূপ হইবে। পাচ সরিকি বিষয় যে প্রায় নষ্ট হয়, ইহা দ্বারা তাহা হইবে না। যেটি সকলের কর্ত্তব্য, তাহাতে প্রত্যেকের যে হতদার হইয়া থাকে তাহা হইবে না। এরূপ, অনেক সময় শুনা যায় যে একটী পুলের অভাবে দুই হাজার বিঘা জমি নষ্ট হইতেছে কিন্তু এজমালির বিষয় বলিয়া সে পুলটি প্রস্তুত হয় না। এ আইন পাশ হইলে এরূপ ক্ষতিও হইবেনা। অনৈক্য বশতঃ যে সকল ভূমিসম্পত্তি নষ্ট হয় ইহা দ্বারা সে গুলি তত নষ্ট হইবেনা। তাহা বলিয়া এই আইনের দ্বারা যে অমিশ্র উপকার লাভ হইবে এমত নহে। এক্ষণে দেখা যাউক জমিদার সম্বন্ধে এই আইন কত দূর উপকারক।

যদি এজমালি বিষয়ের অংশীদারগণের মধ্যে ঐক্য থাকে তাহা হইলে এ আইন, সে স্থলে কোন অপকার বা উপকার করিতে পারে না সুতরাং নিষ্প্রয়োজন। কিন্তু যে স্থলে সরিকি বিবাদ সেই স্থলেই এই আইন প্রয়োজন। অতএব সে স্থলে এ আইন দ্বারা কত দূর উপকার হয়, তাহা দেখা কর্ত্তব্য।

আমাদিগের দেশে দেখাইবার লোক জমিদারগণ, সেই জমিদারগণকে রক্ষা করা সকল বাঙ্গালির অবশ্য কর্ত্তব্য। এজমালি বিষয়ের অংশীদারগণ মধ্যে যে বিবাদ বিশম্বাদ সম্ভব তাহা বলা বাহুল্য। সুতরাং ঐ রূপ বিবাদ স্থলে, ম্যানেজার দ্বারা যত দূর অনিষ্ট হইতে পারে তত দূর উপকার সম্ভাবনা নাই। যদি একটি জমিদারির ৸৶ আনা অংশীদার এক ব্যক্তি হয়। আর এক আনা অংশীদার ৩।৪ জন হয় তাহা হইলে ঐ তিন চারি জনের ইচ্ছানুসারে ম্যানেজার নিযুক্ত হইবে; এবং তাহাদিগের চক্রান্তে ম্যানেজার দ্বারা ঐ ৸৶ আনা সরীকের বিস্তর ক্ষতিও হইতেও পারে। আইন কর্ত্তা যে এ সকল বিষয় চিন্তা করেন নাই কি ভাল করিয়া অনুধাবন করিয়া দেখেন নাই তাহা আমি বলিতে চাহি না। বোধ হয় তিনি এ সকল বিষয় বিশেষ পর্য্যালোচনা করিয়া থাকিবেন। যাহা হউক এ আইনের পাণ্ডুলিপি প্রায় সর্ব্বাংশে অসম্পন্ন সুতরাং এ আইন সম্বন্ধে অধিক বলা নিষ্প্রয়োজন।

প্রজা ও জমিদারে সর্ব্বদা সম্প্রীতিতে থা... এমন স্থলে, মধ্যবিৎ জমিদারগণের

সম্পূর্ণ লোকসান। খাজানার জন্য প্রজা লোকের ক্লেশ অপেক্ষাকৃত অল্প। আর সভাপতি মহাশয় যাহা বলিয়াছেন তাহা সম্পূর্ণ সত্য। এ আইন পাশ হইলে এজমালির জমিদারগণকে কোর্ট অব ওয়ার্ডের বালক জমিদারগণ অপেক্ষা মন্দ অবস্থায় থাকিতে হইবে জমিদারির আয় সুদের আয় অপেক্ষা মন্দ হইয়া উঠিবে। সুদের আয় নিশ্চিত জমিদারির আয় অনিশ্চিত, ইহাতে অনেক লোকসান সম্ভব। এ সকল বিষয় বিবেচনা করিতে গেলে দেখা যায় যে এই আইন দ্বারা যত দূর উপকার তাহা অপেক্ষা অপকার অধিক, সুতরাং এ আইন অনুমোদনীয় নহে।

শ্রীযুত বাবু গোপাল চন্দ্র মুখোপাধ্যায় বলেন, এ আইন সম্বন্ধে অভিপ্রায় প্রকাশ করিতে হইলে দুটি বিষয় স্থির করা কর্ত্তব্য।

প্রথমতঃ এই আইনটী আবশ্যক কি না। এই আইনের সার মর্ম্ম এই যে এক প্রজা দুই ব্যক্তিকে খাজানা দিবেনা। এবং এক অংশীদার প্রজার নিকট খাজানা লইতে পারিবে না। জমি সম্পর্কীয় তাবৎ বিষয়ের সহিত এ আইনের সম্পর্ক আছে, যেমন পত্তনীদার, ইজারদার ইত্যাদি।

এখন দেখা যাউক এ আইন প্রয়োজন কি না? আর যদি প্রয়োজন হয় তবে কি কি কারণেই বা প্রয়োজন।

এ আইনের প্রয়োজন এই আইনে স্পষ্ট করিয়া লেখা হয় নাই। এরূপ প্রথা নিতান্ত মন্দ। ১৭৯৩ খৃঃ অব্দে যে সকল আইন পাস হইয়াছে সে সকল গুলিতে ঐ সকল আইনের আবশ্যকতা উত্তমরূপে ব্যখ্যা করা হইয়াছে এখন আর তাহা হয় না। এখন একস পেড়িয়েন্ট মূল।

প্রজার ক্লেশ ও অত্যাচার নিবারণ এই আইনের একটী উদ্দেশ্য বলিয়া নির্দ্দেশ করা যাইতে পারে। এখন দেখা কর্ত্তব্য কিসে প্রজার অত্যাচার ও ক্লেশ হয়। এক, এজমালির প্রজা হইলে ১৬ আনা স্থলে ১৭ আনা খাজানা দিতে হয়। আর, সরীকি বিবাদ হইলে প্রজার ক্লেশ কত দূর প্রকৃত।

রাজা প্রজা সম্বন্ধ চুক্তি মূলক। সেই চুক্তি বজায় রাখিয়া এক্ষণকার আইন অনুসারে সরীকগণ প্রজার নামে নালিস করিতে পারে। তাহাতে ১৬ আনা স্থলে ১৭ আনা খাজানা দিতে হয় না। আবার সরীকগণকে পক্ষা পক্ষ অবলম্বন না করিয়া মোকদ্দমা করিলে মোকদ্দামা ডিসমিস হয়। সুতরাং বাকি খাজানার মোকদ্দামার সকল সরিককে একরূপ একত্র হইতে হয়।

তাহার পর সরিকী বিবাদে সকল প্রজার ক্লেশ কিম্বা অত্যাচার হয় না। বরং ঐরূপ অবস্থায় প্রজার সুবিধা হইয়া থাকে। অতএব সরিকী প্রজার যে ক্লেশ ও অত্যাচার [illegible]ত দূর কাল্পনিক তত দূর প্রকৃত নহে। সুতরাং প্রজা লোকের যে ক্লেশ ও অত্যাচার নিবারণ জন্য এই আই[illegible]শ্যক বিবেচনা করা যাইতেছে, সে ক্লেশ ও অ[illegible] প্রকৃত নহে। এ জন্য এ আইনের প্রয়োজন দেখা যায়না।

দ্বিতীয়তঃ এই আইন দ্বারা জমিদারগণের লাভালাভ বিবেচনা করা কর্ত্তব্য। তাহাতে দেখা যায়, যে এই আইন দ্বারা এক পক্ষের স্বত্ত্বের হানির সম্ভাবনা। আপনার স্বত্ব আপনি না বুঝিলে, আইন দ্বারা অত্যাচার নিবারণ করা যায় না। প্রজার জ্ঞান বৃদ্ধি না হইলে তাহারদিগের অত্যাচার সম্পূর্ণরূপে নিরাকরণ হইবে না। কিন্তু জমিদারগণের এই আইন দ্বারা বিশেষ হানি হইবে।

ইতি পূর্ব্বে কমিসনারগণ আইন অনুরূপ একটী রিপোর্ট প্রকাশ করেন। তাহার ভাব দৃষ্টি করিলে বোধ হয়, যেন, কলেক্টর সকলি লইবেন, জমিদারগণ বৃত্তিভোগী হইয়া থাকিবে। এই আইন যদিচ ঠিক তদনরূপ নহে, কিন্তু বোধ হয়, অন্য প্রকারে সেই [illegible] সফল করা এই আইনের উদ্দেশ্য। ম্যানেজা[illegible] বিষয় এ আইনে কিছু লেখা হয় নাই। ম্যানেজার নিযুক্ত করিলেই যে প্রজার উন্নতি হইবে, তাহার সম্ভব কি? প্রজায় খাজানা বন্ধ করিলে, কি খাজনা অনাদায় হইলে জমিদারগণ স্বস্ব পরিবারের অলংকার বন্ধক রাখিয়া বিষয় রক্ষা করে।

ম্যানেজার কি তাহা করিবে? ম্যানেজার কি অত্যাচারী হইতে পারে না? যদি সরিকগণ টাকা না দেয় তবে ম্যানেজার কি নিজে টাকা দিয়া উপকার করিবে? না উন্নতি করিবে? বৈকুণ্ঠ বাবু ঠিক বলিয়াছেন, এক ব্যক্তি ৳৶০ আনা অংশীদার, আর পাঁচ ব্যক্তি এক আনার অংশীদার হইলে, সেই পাচ ব্যক্তির চক্রান্তে ৳৶০ আনা অংশীদারের বিস্তর ক্ষতি হবে।

শ্রীযুক্ত বাবু মতি লাল বন্দোপাধ্যায় মহাশয় বলেন, কি আশ্চর্য্য, যাহার যেটী অভিলাষ হইবে, তিনি আমাদিগের দ্বারা, তাহার একস্পেরিমেণ্ট (পরীক্ষা) করিবেন। শৃগাল কুকুর দ্বারা যেরূপ সর্প ঔষধের একস্পেরিমেণ্ট করা হয়, তদ্রূপ আমাদিগের দ্বারা আইন বিশেষের পরীক্ষা করা হয়। যাহা হউক ম্যানেজার নিযুক্ত করিবার বিশেষ প্রয়োজন দেখি না। আর তাহা হইলে জমিদারগণকে এক রূপ পেনসনভোগী করা হয়। অতএব আমি প্রস্তাব করি যে, লেজিস্লেটিভ কাউনসিলে, আমাদিগের এ আইনের প্রতিবাদ করা আবশ্যক।

এই আইন দ্বারা কি প্রজা, কি জমিদার কাহার কত দূর ইষ্ট সাধন হইতেছে, তাহাও দেখা উচিত। যে বিষয়ে একবার ম্যানেজার নিযুক্ত হইবে, চিরকালই ম্যানেজাররে হস্তে থাকিবে, সকল অংশ এক ব্যক্তি খরিদ না করিলে, আর সে বিষয় জমিদারের হস্তে আসিবে না। এই রূপে সকল বিষয়ই ম্যানেজার বা গবর্ণমেণ্টের হস্তে যাইবে। কোরফা প্রজার খাজানা আদায় জন্য, প্রজার জোতেও ম্যানেজার নিযুক্ত হইবে। তখন প্রজা লোকের যে কি দশা হইবে, তাহা কে বলিতে পারে, এবং জমিদারের যে কি দশা ঘটিবে, তাহাই বা কে বলিতে পারে। ফল গতিক মন্দ।

যাহার বিষয়, তাহার যত যত্ন হয় অন্যে কখনই তত যত্ন করেনা। প্রজার হিত চিন্তা জমিদারগণের একান্ত ইচ্ছা। তবে যে কখন২ বিবাদ বিসম্বাদ হয়, সেটী নিয়মবর্জ্জিত মাত্র। এজমালির প্রজার যে কোন ক্লেশ নাই, এমত নহে। অসুখ সকল কার্য্যেই আছে, কিন্তু সেই একটু অসুখ নিবারণ করিতে গবর্ণমেণ্ট বিপুল অসুখ উৎপন্ন করিয়া বসেন। জমী সম্বন্ধীয় বিষয়ে সর্ব্বই বিবাদ সম্ভব। সুতরাং সামান্য২ জমিদারিতে ম্যানেজার নিযুক্ত হইলে ম্যানেজার বা কি খাইবে, অংশীদারগণের বা কিসে চলিবে। অল্প আয় জন্য বাজে ব্যয়ে সকলি যাইবে। জমিদারি নষ্ট না হইলে হইতে পারে, কিন্তু লাভ কিছুই থাকিবে না। বাকি খাজানা আদায় কিম্বা খাজানা অদায়ের উপায় করা এ আইনের উদ্দেশ্য নহে। তাহা হইলে এ রূপ একটী ধারা করিলেই যথেষ্ট হইত যে সকল সরিক একত্র না হইলে প্রজার নামে নালিস করিতে পারিবে না। এই আইন দ্বারা আমাদিগের হস্ত হইতে সকলি লইবার ভাব প্রকাশ হইতেছে।

শ্রীযুত বাবু রাম নৃসিংহ মুস্তফি মহাশয় তৎপর বলেন যে সরিক হইলে বরং প্রজার উপকার, অপকার বড় দেখা যায় না। সরিকী বিবাদ প্রজার সুবিধা জনক। এক জন জমিদার হইলে, প্রজার সর্ব্বস্বান্ত করিতে পারে, কিন্তু বহু সরিকের প্রজা হইলে, প্রজার লাভ হয়। তখন কোন২ সরিক প্রজার পক্ষ হন। এ রূপ দেখা যায়, এক জন সরিক অপর সরিকের হাত হইতে প্রজাকে রক্ষা করিবার জন্য বিপুল অর্থ ব্যয় করিয়া থাকেন। যাঁহারা এই আইন করিতেছেন, তাঁহারা প্রজার অবস্থা অবগত নহেন।

সকলই স্বার্থ ভোগী। ম্যানেজার যে নিজের স্বার্থ ত্যাগ করিয়া প্রজার ভাল চেষ্টা করিবে, তাহার সম্ভব কোথায়? এখন অংশীদারগণ একত্র হইয়া গোমস্তা রাখিয়া থাকে। সুতরাং ম্যানেজার রাখিবার প্রয়োজন কি? এজমালির প্রজা হওয়া ভাল, তাহাতে এক জন অন্যায় করিলে, অপরে তাহার প্রতিবিধান করে। ম্যানেজার অন্যায় করিলে, তাহার প্রতিবিধান করা সহজ হইবে না, সুতরাং এ আইন নিষ্প্রয়োজন।

তৎপর শ্রীযুত বাবু গোপাল চন্দ্র বসু মহাশয় বলেন যে এই আইনের পাণ্ডুলিপি অসম্পূর্ণ ও অসঙ্গত হইলে এ সম্বন্ধে কিছু বলা আবশ্যক। এ আইন সম্বন্ধে গবর্ণমেণ্টের উদ্দেশ্য ভাল হইতে পারে। সরিকগণ, প্রজার নামে মোকর্দ্দমা করিলে প্রজার যে ক্লেশ, তাহা নিবারণ করা গবর্ণমেণ্টের উদ্দেশ্য হইতে পারে। মোকর্দ্দমার সংখ্যা অল্প করাও গবর্ণমেণ্টের উদ্দেশ্য হইতে পারে। কিন্তু বিবেচনা করিয়া দেখিলে স্পষ্ট দেখা যায় যে, গবর্ণমেণ্টের প্রশ্রয়ে প্রজা সংক্রান্ত মোকর্দ্দমার বৃদ্ধি হইয়াছে। গবর্ণমেণ্টের বিশ্বাস যে জমিদারগণই মন্দ, কিন্তু বাস্তবিক জমিদারগণের সকল দোষ নহে। অনেক সময় প্রজা কিছুতেই নরম হইতে চাহে না।

গবর্ণমেণ্ট এ বিষয়টী ভাল কি মন্দ জিজ্ঞাসা করিয়াছেন। বিষয়টী ভাল হইলেও এ রূপ অসঙ্গত আইন দ্বারা তাহা সম্পন্ন করা কখনই যুক্তি সঙ্গত নহে। যদি অধিকাংশ সরিকগণ ঐক্য না হয় তাহা হইলে ম্যানেজার নিযুক্ত করা হইবে না, আবার ম্যানেজার নিযুক্ত না হইলে কোন সরিক খাজানা আদায় করিতে পারিবে না। এমত স্থলে যে কত দূর অসুবিধা হইবে, তাহা বলা যায় না। বৈকুণ্ঠ বাবু যে বলিলেন, গবর্ণমেণ্ট সকল বিষয় দেখিয়া শুনিয়া আইন করেন, তাহা আমি বিশ্বাস করি না। গবর্ণমেণ্ট সম্যক পর্য্যালোচনা না করিয়া অনেক আইন করেন, তাহার এক প্রধান উদাহরণ ১৮৬৯ সালের আট আইন। ঐ আইনানুসারে বিচার করিতে বিচারকেরা সদা সর্ব্বদা জালাতন হইয়া থাকেন। তাহার পর এই আইন পাস হইলে বাঁটওয়ারার ধুম পড়িয়া যাইবে। অনেক বিষয়ই বাটওয়ারা হইয়া যাইবে। এরূপ পাঁচ সরিক একত্র করিতে যাইয়া সকল বিষয় পাঁচ ভাগ হইয়া যাইবে, এই রূপ তন্ন২ ভাগ বাটওয়ারা হইলে উৎসন্ন হইয়া যাইবে। মোকর্দ্দমার সংখ্যা আরও বৃদ্ধি হইবে। যে স্থলে বহু দিবসাবধি, এজমালির প্রজা, সরিকগণকে খাজানা দিয়া আসিতেছে, এই আইন পাস হইলে, তাহারা আর খাজানা দিবে না, সুতরাং যেখানে বিবাদ নাই, এ আইন দ্বারা, সেখানেও বিবাদ উপস্থিত হইবে। আমাদিগের দেশে সকল সম্পত্তিই ভাগের বিষয় হইবে সুতরাং হয় সকল বিষয়েই ম্যানেজার নিযুক্ত হইবে, না হয় সকল ভূসম্পত্তি ভাগ বাঁটওয়ারা হইয়া ছিন্ন ভিন্ন হইয়া যাইবে। সামান্য অংশীদারগণ, প্রবল অংশীদারকে নষ্ট করিতে চেষ্টা করিবে অতএব এরূপ অসঙ্গত পাণ্ডুলিপি কখনই অনুমোদনীয় নহে।

শ্রীযুত রায় রাজীব লোচন রায় বাহাদুর তৎ পরে বলেন যে, এই আইন সমন্ধে যে সকল অভিপ্রায় প্রকাশ হইল, তাহাতে বোধ হয়, এসম্বন্ধে সকল কথাই বলা হইয়াছে। এ আইন সর্ব্ব প্রকার ভূসম্পত্তির উপর বর্ত্তিবে। এরূপ আইন পাস্ হইলে, সর্ব্ব প্রকার ভূসম্পত্তির স্বত্বাধিকারীগণের বিশেষ হানি হইবার সম্ভব, সুতরাং এ আইন কখনই শ্রেয়স্কর নহে। আইন দ্বারা লাভ অল্প, কিন্তু ক্ষতি অধিক। [illegible] অনেক সরিক হইলে, উভয় জমদার ও প্রজার অসুবিধা স্বীকার করি, কিন্তু এ রূপ আইন তৎপক্ষে ভাল বলিয়া বোধ হয় না। অতএব আমার মতে ইহার প্রতিবাদ করা উচিত। আর আমার বিবেচনায় এক্ষণে জমিদারগণের কর্ত্তব্য, যে এ সকল বিষয়ে এমন উপায় অবলম্বন করেন, যাহাতে আর আইন আদালতের প্রয়োজন না হয়।

☞ এই পত্রিকা কলিকাতা, বাগবাজার আনন্দ চন্দ্র চাটুর্য্যের গলি ২ নং বাটী হইতে প্রতি বৃহস্পতিবারে শ্রীচন্দ্র নাথ রায় দ্বারা প্রকাশিত হয়